Spec Code: Clo/2026-2027/049

দরপত্র বিনির্দেশ - ক্যাপ জকি ফায়ারম্যান

দ্রব্যের বিনির্দেশ এবং পরিমান

১। **দ্রব্যের নাম।** ক্যাপ জকি ফায়ারম্যান ।

২। **ক্যাপের কাপড়।** ক্যাপে ব্যবহৃত ফায়ারম্যানদের Woodland প্যাটার্ণের কাপড় নৌবাহিনী কর্তৃক প্রদান করা হবে। তবে অন্যান্য উপকরণ সরবরাহকারী প্রদান করবে। প্রতি ৫টি ক্যাপ তৈরীর জন্য ১ মিটার কাপড় সরবরাহ করা হবে।

৩। **পরিমান।**

সাইজ	পরিমান	মন্তব্য
Small (S)	৫০টি	
Medium (M)	২০০টি	
Large (L)	১০০টি	
Extra Large (XL)	৫০টি	
মোট পরিমান	**৪০০টি**	

৪। **সকল সাইজের ক্যাপের সাধারন গঠন।** ক্যাপের ডিজাইন অনুমোদিত নমুনা অনুযায়ী হতে হবে। ক্যাপের ডিজাইন ও গঠন নিম্নরুপঃ

ক। অর্ধ চন্দ্রাকৃতির পিক পিভিসি এ্যলকাথিন সিট এবং ক্যানক্যান বকরম দ্বারা আবৃত হতে হবে। ক্যাপের পিক Straight হতে হবে।

খ। ক্যাপের উপরি ভাগের ৬টি খন্ডের সংযোগ স্থলে ১টি বোতাম কাপড় দ্বারা আবৃত অবস্থায় শক্ত ভাবে লাগানো থাকবে।

গ। বোতাম হতে ৫ সেঃ মিঃ দুরত্বে পিছনের ৪টি খন্ডের উপরিভাগে সমান দুরত্বে ৪টি কমলা সুতার আইলেট লাগানো থাকবে।

ঘ। ক্যাপের সম্মুখ ভাগে ব্যাজ লাগানোর জন্য কালো রং এর ভেলক্রো টেপ (দৈর্ঘ্য - ৫.৫ সেঃ মিঃ নিচের অংশের প্রস্থ ০৪ সেঃ মিঃ এবং উপরে অংশের প্রস্থ ৩.৫ সেঃমিঃ) ঠিক মাঝ বরাবর লাগানো থাকবে **(অনুমোদিত নমুনা মোতাবেক)।**

ঙ। প্রতিটি খন্ডের সেলাইয়ের সংযোগ স্থলে ভিতরের অংশে শাটিং/লাইনিং দ্বারা মজবুত ভাবে সেলাই করা অবস্থায় থাকবে।

চ। প্রতিটি ক্যাপে সাইজ উল্লেখ থাকতে হবে।

ছ। ক্যাপের পিক এমন ভাবে সেলাই করা থাকবে যেন সবদিকে মসৃন মনে হয়।

জ। ক্যাপের সামনের খন্ডের কাপড়ের জোড়া এমন ভাবে ক্যাপ পিকের ঠিক মাঝখানে হতে হবে যেন ক্যাপ ব্যাজ লাগালে কাপড়ের জোড়ার সেলাই এবং পিকের মধ্যভাগ এক লাইনে থাকে।

ঝ। প্রতিটি ক্যাপ তৈরীর ক্ষেত্রে যথার্থ ওয়ার্কম্যানশীপ ও সতর্কতা অবলম্বন করতে হবে। প্রতি ক্ষেত্রেই ক্যাপের সেলাইয়ের মান উন্নত মানের হতে হবে।

ঞ। ক্যাপের কাপড়ের মান অবশ্যই উন্নত মানের বুনন এবং ত্রুটি মুক্ত হতে হবে।

ট। Attachment fabric অনুমোদিত নমুনা মোতাবেক হতে হবে।

৫। **বিভিন্ন সাইজের আকার (Dimension)**। বিভিন্ন সাইজের আকার (Dimension) নিম্নে বর্ণনা করা হল ঃ

ক্রঃ নং	বিবরণ	সাইজ ও আকার (Size and Dimension)			
		Extra Large (সেঃমিঃ)	Large (সেঃমিঃ)	Medium (সেঃমিঃ)	Small (সেঃমিঃ)
১।	পিছনের ২ টি খন্ডের কাটা অংশের দৈর্ঘ্য	৮	৮	৮	৮
২।	পিছনের এ্যাডজাষ্টিং টেপ প্লাষ্টিক (মেল এন্ড ফিমেল) দৈর্ঘ্য	৮	৮	৮	৮
৩।	পিছনের এ্যাডজাষ্টিং টেপ প্লাষ্টিক (মেল এন্ড ফিমেল) প্রস্থ	২	২	২	২
৪।	প্রতিটি খন্ডের দৈর্ঘ্য টপ বোতাম হইতে কিনারা পর্যন্ত	১৬.৫	১৬.৫	১৫.৫	১৫.৫
৫।	পিক পট্টির ভিতরের অংশ	২৪	২৪	২৩	২২
৬।	পিক পট্টির বাইরের অংশ	২৪	২৪	২৩.৫	২৩
৭।	পিকের বহিরাংশের লম্বা	৪০	৪০	৪০	৪০
৮।	পিকের মধ্যভাগের চওড়া	৭.২	৭.২	৭.২	৭.২
৯।	ভিতরের গোলাকার অংশের দৈর্ঘ্য (স্বাভাবিক অবস্থায়)	৫৭	৫৬	৫৫	৫৪
১০।	Sweat band এর প্রস্থ	৩.২	৩.২	৩.২	৩.২
১১।	Sweat band এর ভিতরের ফোমের প্রস্থ	৩.২	৩.২	৩.২	৩.২
১২।	Sweat band stitch raw	০৪	০৪	০৪	০৪
১৩।	বোতামের সাইজ	১.৫	১.৫	১.৫	১.৫
১৪।	ক্যাপ ব্যজের জন্য ভেল্ক্রোর দৈর্ঘ্য	৫.৫	৫.৫	৫.৫	৫.৫
১৫।	Border Tape	২.৮	২.৮	২.৮	২.৮

ডেলিভারী সম্পর্কিত তথ্য

৬। **প্যাকেজিং (Packaging)।**

ক। প্রতিটি ক্যাপ পৃথক পৃথক পলিথিন ব্যাগে সরবরাহ করতে হবে।

খ। একই সাইজের ১০টি করে ক্যাপ একটি শক্ত কাগজের বাক্সে এবং অনুরুপ ২০টি কাগজের প্যাকেট (একই সাইজের ক্যাপ) একটি উন্নতমানের কার্টনে সরবরাহ করতে হবে।

৭। **মার্কিং (Marking)**

ক। **ক্যাপ**। প্রত্যেকটি ক্যাপের ভিতরের অংশে নিম্নে বর্ণিত তথ্যাদি থাকবে ঃ

(১) সরবরাহকারীর নাম।
(২) তৈরীর মাস ও বৎসর।
(৩) ক্যাপ সাইজ।
(৪) বাংলাদেশ নেভী।

খ। **কার্টন**। নিম্ন লিখিত চিহ্নগুলি কার্টনের উপর অমোচনীয় কালি দ্বারা লিখতে হবে ঃ

(১) দ্রব্যের নাম।
(২) প্রাপকের ঠিকানা।
(৩) কার্যাদেশ নং ও তারিখ।
(৪) সরবরাহকারীর ঠিকানা।

Madhuk, PO(S)\BN PROCUREMENT 2026-27\NSSD 2026-27\Muster Copy of tender specification 2026-27\049 2026-2027 CAP JOCKEY FIREMAN.doc

CamScanner

(৫) প্রতিটি কার্টনের ভিতরের আইটেম সংখ্যা ও সাইজ।
(৬) এসিআইএনএস কর্তৃক গ্রহনযোগ্যতার সীল মোহর (এসিআইএনএস পরিদর্শনের পর গ্রহনযোগ্যতার সীল প্রদান করবেন)।

৮। **সরবরাহের স্থান।** এসিআইএনএস কর্তৃক পরিদর্শনের পর সরবরাহকারী নিজ খরচে আইটেমটি চট্টগ্রামে সরবরাহ করবে। প্রাপকের ঠিকানা নিম্নরূপঃ

অধিনায়ক
নৌ ভান্ডার চট্টগ্রাম
নিউমুরিং, চট্টগ্রাম, বাংলাদেশ

৯। **সরবরাহের সময় ও কিস্তি ।** সরবরাহকারী নিজ খরচ ও ঝুঁকিতে আইটেমসমূহ প্রাপককে সরবরাহ করবে। সরবরাহের সময় ও কিস্তি নিম্নে প্রদত্ত হইল ঃ

প্রাপক	কিস্তি	চুক্তি স্বাক্ষর/কার্যাদেশ প্রদানের পর হতে সরবরাহের সময়	পরিমাণ
অধিনায়ক নৌ ভান্ডার চট্টগ্রাম	০১ (এক)	১৮০ দিন	৪০০

১০। **ওয়ারেন্টি (Warranty) সনদ।** সরবরাহকারী তাহার নিজ প্রতিষ্ঠানের প্যাডে ওয়ারেন্টি (Warranty) সনদ প্রদান করবেন। যাহা পরিষ্কার ভাবে নিম্নলিখিত প্রয়োজনীয়তা পূরণ করবে। উক্ত সনদ প্রাপক কর্তৃক আইটেম গ্রহনের তারিখ হইতে কার্যকর হবে। সনদে চুক্তির নম্বর উল্লেখ থাকবে ঃ

ক। রং এবং উপাদান এর আয়ুষ্কাল (Self Life) প্রাপক কর্তৃক গ্রহনের তারিখ হতে ৩৬ (ছত্রিশ) মাস থাকতে হবে। অর্থাৎ উক্ত সময়ের মধ্যে সাধারণ মজুদ পরিস্থিতিতে রং বা উপাদান অপরিবর্তনীয় থাকবে। যদি রং পরিবর্তন হয় বা উপাদান এর অবস্থা/গুনগত মান নষ্ট হয় অথবা ওয়ারেন্টি কালের যে কোন সময় কোন আইটেম খারাপ (Defective) পাওয়া যায় তা হলে সরবরাহকারী বিনা খরচে তাহা প্রাপককে পরিবর্তন করে দিতে হবে।

খ। উক্ত সনদ প্রাপক কর্তৃক আইটেম গ্রহনের তারিখ হতে কার্যকর হবে।

১১। **গুনগতমানের নিশ্চয়তা সনদ।** সরবরাহকারী কর্তৃক প্রস্তুত কারকের নিকট হইতে গুনগতমানের নিশ্চয়তা সনদ প্রদান করতে হবে।

১২। **এসিআইএনএস কর্তৃক পরিদর্শন।** দ্রব্য প্রস্তুত হওয়ার পর কারখানায় এসিআইএনএস কর্তৃক পরিদর্শন করবেন এবং প্রয়োজন অনুযায়ী নিম্নবর্ণিত পরীক্ষা করিবেন ঃ

(১) কোয়ালিটি এবং উপাদান।
(২) ডিজাইন ও বাহ্যিক পরিদর্শন।
(৩) পরিমাপ/আয়তন।
(৪) ল্যাবরেটরীতে দ্রব্যের পরীক্ষা (প্রয়োজন মোতাবেক)।

১৩। **প্রাপক কর্তৃক পরিদর্শন।** দ্রব্য সরবরাহের সময় প্রাপক কর্তৃক নিম্নে বর্ণিত বিষয়ে পরিদর্শন করা হবেঃ

ক। প্যাকিং।
খ। মার্কিং।
গ। গুনগত মান।
ঘ। আয়ুস্কালের সনদ।
ঙ। গুনগত মানের সনদ।
চ। এসিআইএনএস কর্তৃক প্রদত্ত পরিদর্শন ও গ্রহনযোগ্যতার সিল (Endorsment)

১৪। **দরপত্র যাচাই বাছাই।** দরপত্র নিম্নবর্ণিত বিষয়ে যাচাই বাছাই করা হবেঃ

ক। কোয়ালিটি এবং উপাদান।
খ। ডিজাইন ফিনিশিং এবং বাহ্যিক পরিদর্শন ।
গ। পরিমাপ/আয়তন।
ঘ। ল্যাবরেটরীতে উপাদান পরীক্ষা (প্রয়োজন মোতাবেক)।
ঙ। উদ্ধৃত মূল্য।

CamScanner

১৫। **সরবরাহকারীর সেবা ও দায়িত্ববোধ।** সরবরাহকারীর নিকট হতে কোন তথ্য জানিতে চাওয়া হইলে সরবরাহকারীকে অবশ্যই ০৩ (তিন) দিনের মধ্যে জবাব দিতে হবে।

১৬। **বিল পরিশোধ।** সরবরাহকারীর বিল দেশীয় মুদ্রায় নৌবাহিনীর নিয়ম অনুযায়ী পরিশোধ করা হবে।

১৭। **বিলম্বে সরবরাহ।** বিলম্বে সরবরাহ করা হলে নৌবাহিনীর নিয়ম অনুযায়ী এলডি কর্তন করা হবে।

১৮। **নমুনা দাখিল।** দরপত্রে অংশগ্রহনকারী সরবরাহকারীকে ০৪ টি Medium সাইজের ক্যাপ ও অন্যান্য এক্সসরিজ ০১ (এক) পিছ করে নমুনা হিসাবে দরপত্রের সাথে দাখিল করতে হবে। সরবরাহকারী ল্যাব পরীক্ষার জন্য নমুনাসমূহ সরবরাহ করবে। ল্যাব পরীক্ষায় ব্যবহৃত নমুনাসমূহ ফেরত দেওয়া হবে না।

১৯। **দরপত্রের বৈধতা।** দরপত্রের বৈধতা দরপত্র খোলার তারিখ হতে ১৮০ দিন থাকতে হবে।

২০। **মূল্য দাখিল।** দেশীয় মুদ্রায় নিম্নলিখিতভাবে মূল্য দাখিল করতে হবে ঃ

দ্রব্যের নাম	একক	পরিমাণ	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
ক্যাপ জকি ফায়ারম্যান	নং	৪০০		

২১। **কমপ্লাইন্স।** যাচাই বাছাইয়ের জন্য টেন্ডারে চাহিদাকৃত সকল বিষয়সমূহ উল্লেখ করতঃ কমপ্লাইন্স রিপোর্ট প্রদান করতে হবে। আংশিক তথ্য প্রদান অথবা অসম্পূর্ণ কমপ্লাইন্স রিপোর্ট গ্রহণযোগ্য নয়। এক্ষেত্রে অফারটি বাতিল বলে গণ্য হবে। বিনির্দেশে উল্লেখিত বিষয়সমূহের সাথে কোন গড়মিল থাকলে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

মোঃ সাখাওয়াত হাবীব
লেঃ কমান্ডার সিএন
স্টাফ অফিসার (এনএস-২)
নৌবাহিনী সদর দপ্তর
বনানী, ঢাকা-১২১৩

CamScanner